অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/14/2024 **গভর্নর ক্যাথি হোকল**

সারাটোগা কাউন্টির বিমানবন্দরে যাত্রীদের সামগ্রিক অভিজ্ঞতা বাড়াতে গভর্নর হোকল মুখ্য অগ্রগতির কথা ঘোষণা করলেন

অত্যাধুনিক টার্মিনালের নির্মাণ, সংলগ্ন হ্যাঙ্গার সারাটোগা কাউন্টির বিমানবন্দরকে বাণিজ্য এবং বিশ্বমানের আকর্ষণগুলোর জন্য একটি ট্র্যাভেল হাব করে তুলবে

প্রকল্পটিকে গভর্নরের আপস্টেট বিমানবন্দরের অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার মাধ্যমে 27 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দেওয়া হয়েছে

রেন্ডারিং এখানেপাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেন যে সারাটোগা কাউন্টির বিমানবন্দরে একটি নতুন টার্মিনাল এবং সংলগ্ন এয়ারক্রাফ্ট হ্যাঙ্গার অর্থাৎ বিমান রাখার জায়গা তৈরি করার জন্য একটি বড় আকারের প্রকল্পে মুখ্য নির্মাণকাজ চলমান অবস্থায় আছে, যেখানে আগামী কয়েক মাসের মধ্যে ব্যাপক স্বচ্ছ শক্তির উন্নতি হবে বলে আশা করা হচ্ছে। যাত্রীদের একটি আরও কার্যকর এবং উপভোগ্য ভ্রমণের অভিজ্ঞতা দেওয়াই এই কাজের লক্ষ্য, বিশেষ করে গ্রীষ্মের ব্যস্ততম মরশুমে। প্রকল্পটি গভর্নরের 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতা থেকে 27 মিলিয়ন মার্কিন ডলার পেয়ে, একটি নতুন স্থায়ী-ভিত্তিতে অপারেটর টার্মিনাল বিল্ডিং দেবে যেখানে অন্যান্য উন্নয়নের মধ্যে একটি নতুন অপেক্ষা চত্বর, সুবিধাপ্রাপ্ত ভাড়াটের জায়গা, ভাড়া বাবদ প্রাপ্ত গাড়ি রাখার জায়গা এবং সংযুক্ত 20,000 বর্গফুটের হ্যাঙ্গার অন্তর্ভুক্ত থাকবে। নতুন টার্মিনাল বিল্ডিংয়ের হ্যাঙ্গারে সৌর প্যানেল, গরম ও ঠাণ্ডা করার জন্য জিওথার্মাল ওয়েল এবং বৈদ্যুতিক গাড়ির চার্জার সহ বিভিন্ন উন্নত ব্যবস্থা বিমানবন্দরটিকে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যের সাথে সংগতি বজায় রাখতে সাহায্য করবে।

"সারাটোগা কাউন্টির বিমানবন্দরের নতুন টার্মিনাল বিল্ডিংয়ের জায়গায় বর্তমানে যে স্টিলের থাম এবং কড়িকাঠগুলো স্থাপন করা হচ্ছে তা নিউ ইয়র্কের আপস্টেট বিমানবন্দরগুলোর ভবিষ্যতের জন্য ভিত্তিমূল গড়ে তোলার প্রতি আমাদের অবিচল প্রতিশ্রুতির প্রতীক," **গভর্নর হোকল বলেন।** "সারাটোগা কাউন্টির বিমানবন্দরটি এখন গ্লোবালফাউন্ডারিজ এবং জেনারেল ইলেকট্রিক-এর মতো বিশিষ্ট ব্যবসা এবং শিল্পগুলোর জন্য একটি মুখ্য সংযোগকারী হয়ে ওঠার

জন্য প্রস্তুত এবং সারাটোগা রেস কোর্সে দ্রুত অ্যাকশন এবং 2024 এবং 2025 বেলমন্ট স্টেকের বাড়তি রোমাঞ্চ সহ অঞ্চলটির তুলে ধরা অতুলনীয় উৎসাহের এক উজ্জ্বল প্রবেশদ্বার।”

2022 সালে গভর্নর হোকলের ঘোষিত আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার সর্বশেষ রাউন্ডে মোট 230 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া আপস্টেটের নয়টি বিমানবন্দরের মধ্যে সারাটোগা আন্তর্জাতিক বিমানবন্দর একটি। নিউ ইয়র্কের আপস্টেট জুড়ে বিমানবন্দরগুলোতে বিনিয়োগকে উৎসাহিত, পুনরুজ্জীবিত এবং ত্বরান্বিত করার উদ্দেশ্যে এই অনুদান দেওয়া হয়।

গরম ও ঠাণ্ডা করার জন্য জিওথার্মাল ওয়েল, কংক্রিটের ফুটিং এবং ভিত এবং কাঠামোগত স্টিলের নির্মাণ সমেত নতুন টার্মিনাল বিল্ডিংয়ে এবং সংলগ্ন এয়ারক্রাফ্ট হ্যাঙ্গারে মুখ্য নির্মাণকাজ শুরু হয়েছে। ট্র্যাক সিজন শেষ হওয়ার পরে, এই শরতে এয়ারসাইড এপ্রোন পুনর্বাসনের কাজ শুরু হবে বলে আশা করা হচ্ছে।

2024 সালের বেলমন্ট স্টেকস 8 জুন 2024 সারাটোগা রেস কোর্সে আয়োজিত হবে, এবং 2025 সালেও হবে, যেহেতু নিউ ইয়র্কের এনমন্টে, বেলমন্ট পার্ট বড় সংস্করণ প্রকল্পের মধ্য দিয়ে যাচ্ছে। অনুষ্ঠানের স্থান পরিবর্তন আগ্রহ এবং মনোযোগ বাড়াবে বলে আশা করা হয়। নির্মাণকাজ চলাকালীন, এয়ারক্রাফ্টে একটি প্রত্যাশিত অন্তঃপ্রবাহের সুবন্দোবস্ত করতে বিমানবন্দনটি প্রয়োজনে বাড়তি বিমান পার্কিংয়ের জন্য বিমানবন্দনের একটি রানওয়ে ব্যবহার করতে পারে।

উপরন্তু, আরাম সন্ধানী ভ্রমণকারীরা সারাটোগা পারফর্মিং আর্ট সেন্টার এবং সারাটোগা রেস কোর্স সহ অঞ্চলের বিশ্বমানের আকর্ষণগুলো দেখার জন্য বিমানবন্দরটি ব্যবহার করেন। ঘোড়া দৌড় মরশুমের জন্য বার্ষিক এক মিলিয়নের অনেক বেশি পরিদর্শক বিমানবন্দর এবং ফেসিলিটিটি ব্যবহার করে, কিন্তু এটি সারাটোগা কাউন্টি এবং স্টেট, দেশ এবং বিশ্বের অন্যান্য অংশের সাথে যাতায়াতের মুখ্য সংযোগ হিসাবেও পরিষেবা দেয়।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, “আমাদের বিমানবন্দরগুলোতে গভর্নর হোকলের বিনিয়োগের বদান্যতায়, আমরা একটি মাত্রায় আধুনিকীকরণ দেখছি, যা আগে নিউ ইয়র্কে কখনও হয়নি। আমাদের আপস্টেট বিমানবন্দরগুলো হল আমাদের কমিউনিটিগুলোর অর্থনৈতিক স্বাস্থ্য এবং সুস্থতার একটি প্রতিফলন, এবং আমি সারাটোগা কাউন্টি বিমানবন্দরের আধুনিকীকরণের সফরে সাক্ষী থাকতে পেরে রোমাঞ্চিত, যা ভ্রমণকারীদের জন্য শুধু সামগ্রিক অভিজ্ঞতাই বাড়াবে না, সাথে অঞ্চলটির সংযোগ ব্যবস্থা এবং অর্থনৈতিক বৃদ্ধিকেও উৎসাহিত করে।"

1943 সালে নির্মিত, এই বিমানবন্দরটি দুটি রানওয়েতে প্রাইভেট বিমান সামলায় এবং স্থায়ী ভিত্তিক অপারেট নর্থ আমেরিকান ফ্লাইট সার্ভিসেস দ্বারা পরিচালিত। যাত্রীদের অপেক্ষা চত্বর, বিমান পরিকল্পনার চত্বর এবং ছোট কনফারেন্সের ঘর সহ অফিসের জায়গার জন্য একটি হ্যাঙ্গার ব্যবহার করা হত।

একটি নতুন টার্মিনাল বিল্ডিং, সংলগ্ন হ্যাঙ্গার এবং পরিচ্ছন্ন শক্তির আপগ্রেড সমেত ফেসিলিটিটি আধুনিক করে তোলার জন্য আনুমানিক 35.2 মিলিয়নের প্রকল্প শুধুমাত্র বিমান-সংক্রান্ত পরিষেবারই প্রচার করবে না, সাথে অঞ্চলটির আকর্ষণগুলোর খোঁজ করছেন এমন ভ্রমণকারীদের জন্য সামগ্রিক যাত্রী অভিজ্ঞতা বাড়িয়ে এটি গাড়ি ভাড়া এবং খাবারের বিকল্পগুলোর জন্য নতুন ভাড়াটেদের প্রলুব্ধ করবে।

নতুন টার্মিনালের লবিতে সারাটোগা অটোমোবাইল জাদুঘরের (Saratoga Automobile Museum) ক্লাসিক অটোমোবাইল প্রদর্শনের একটি ডিসপ্লে স্থান থাকবে, এবং একইসাথে বিল্ডিংয়ের দ্বিতীয় তলায় পাইলটদের জায়গা, একটি রেস্টুরেন্ট এবং স্থানীয় শিল্পীদের প্রদর্শনীর একটি স্থান থাকবে। বিমানবন্দরের সমষ্টিগত কার্বন ফুটপ্রিন্ট কমাতে সাহায্যের জন্য হ্যাঙ্গারটিতে সৌর প্যানেল সুবিন্যস্ত থাকবে।

স্টেট সিনেটর জিম টেডিসকো বলেন, "সারাটোগা কাউন্টি বিমানবন্দরের নতুন উন্নয়নগুলো এটিকে প্রধান পরিবহন হাব, চমৎকার বিশ্বমানের পর্যটকদের কাছে একটি সত্যিকারের প্রবেশদ্বার এবং উচ্চ প্রযুক্তি সহ ছোট ও বড় ব্যবসাগুলোর জন্য অর্থনৈতিক গন্তব্য করে তুলতে সাহায্য করবে, যা সারাটোগা কাউন্টি এবং সারাটোগা স্প্রিংস হয়ে উঠেছে।"

অ্যাসেম্বলি মেম্বার ওয়েরনার বলেন, "আমি এই প্রকল্পটি শুরু হতে দেখে রোমাঞ্চিত এবং সারাটোগা কাউন্টি বিমানবন্দরে উন্নতির জন্য গভর্নর হোকলের সমর্থনের জন্য অত্যন্ত প্রশংসা করি। এই আপগ্রেডগুলো অনেক পরিদর্শকেরই অভিজ্ঞতা উন্নত করবে যারা রেসিংয়ের মরশুমে বা সারা বছর ধরে সারাটোগা স্প্রিংসে আসেন।"

অ্যাসেম্বলি মেম্বার মেরি বেথ ওয়েলস বলেন, "আমি এতে খুশি যে স্টেট সারাটোগা কমিউনিটির প্রতি ক্রমবর্ধমান আকর্ষণ স্বীকার করেছে। আমাদের কাউন্টি জুড়ে প্রাণবন্ত বৃদ্ধি আতিথেয়তা এবং পর্যটন শিল্পের সমর্থনে স্পষ্ট ইঙ্গিত দেয় এবং এই সম্প্রসারণ কীভাবে আমাদের অর্থনৈতিক বৃদ্ধি সহজতর করতে সাহায্য করে তা দেখার জন্য আমি উন্মুখ।"

সারাটোগা কাউন্টির বোর্ড অফ সুপারভাইজার্স এর চেয়ারম্যান ফিল ব্যারেট বলেন, "সারাটোগা কাউন্টির বিমানবন্দরে নির্মাণকাজ শুরু হচ্ছে ঘোষণা করে আমরা উত্তেজিত। কাউন্টির বিমানবন্দরে আমাদের বিনিয়োগ সারাটোগা কাউন্টি থেকে এবং এখানে আসা ব্যবসা এবং আরামদায়ক ভ্রমণকে রূপান্তরিত করবে। এই আধুনিকীকরণের প্রকল্প একটি স্থিতিশীল, শক্তি সাশ্রয়ী বিল্ডিং তৈরি করবে যা একটা বিমানবন্দরের টার্মিনালই হবে না; এটি হবে এমন একটি ওয়েলকাম সেন্টার যা আমাদের সুন্দর কাউন্টির বিচিত্র আকর্ষণ এবং সুযোগ-সুবিধার প্রদর্শন করে। নিউ ইয়র্ক স্টেট এবং FAA এর থেকে পাওয়া তহবিল সারাটোগা কাউন্টির বোর্ড অফ সুপারভাইজার্স দ্বারা তৈরি বিনিয়োগে ভারসাম্য আনতে সাহায্য করে। সারাটোগা কাউন্টি বিমানবন্দর পুনরুৎজ্জীবিত এবং পুনর্কল্পনা করার জন্য আমাদের উদ্যোগে তাদের সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ, যা আমাদের স্থানীয় অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ প্রবেশদ্বার।"

আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতাটি পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (New York State Department of Transportation,

NYSDOT) এবং এটি আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবার বিমানবন্দরসমূহ এবং বাণিজ্যিক আকাশযান এবং/অথবা কর্পোরেট জেটসমূহকে বিশেষ সেবা প্রদানকারী বিমানবন্দরসমূহের জন্য উন্মুক্ত রয়েছে। আবেদনকারীদের একটি একক প্রকল্প বা প্রকল্পের একটি কর্মসূচির জন্য তহবিল চেয়ে আবেদন করতে উৎসাহিত করা হয়েছিল যা একবিংশ শতাব্দীর চাহিদা মেটাতে সাহায্য করে। যোগ্য বিমানবন্দরসমূহের জমাকৃত প্রকল্পসমূহের পর্যালোচনা করা হয়েছে পূর্বে স্থাপিত নির্ণায়কের উপর ভিত্তি করে, যার মধ্যে রয়েছে বিমানবন্দর এলাকার নকশা, যাত্রী সুবিধা এবং অভিজ্ঞতা, পরিচালনামূলক দক্ষতা এবং অর্থনৈতিক কার্যকারিতা, কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ নয়।

এই বিমানবন্দরটি বর্তমানে দুটি অন্য প্রকল্প শেষ করছে: বিমান স্টোরেজের জন্য একটি নতুন ছয়-ভাগের টি-হ্যাঙ্গার, এবং তুষার অপসারণ যন্ত্রপাতির ভবন, যা অর্থের ব্যবস্থা আংশিকভাবে নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগেগ এভিয়েশন ক্যাপিটল ইমপ্রুভমেন্ট প্রোগ্রামের মাধ্যমে করা হয়েছিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন